

■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৫৪

১৬/ হাজ হজ/হজ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৯. কোন অসুবিধার কারণে ইহরাম অবস্থায় মাথা কামানো জায়েয়, মাথা কামালে ফিদয়া দেয়া ওয়াজিব
এবং ফিদয়ার পরিমাণ

بَابِ جَوَازِ حَلْقِ الرَّأْسِ لِلنُّحْرِمِ إِذَا كَانَ بِهِ أَذْيَ وَجُوبِ الْفِدْيَةِ لِحَلْقِهِ وَبَيَانِ قَدْرِهَا

আরবী

وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، وَابْنُ، بَشَّارٍ قَالَ ابْنُ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا
شُعبَةُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَصْبَهَانِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْقِلٍ، قَالَ قَعَدْتُ إِلَى كَعْبٍ -
رضي الله عنه - وَهُوَ فِي الْمَسْجِدِ فَسَأَلْتُهُ عَنْ هَذِهِ الْآيَةِ (فَفِدْيَةُ مِنْ صِيَامٍ أَوْ صَدَقَةٍ أَوْ
نُسُكٍ) فَقَالَ كَعْبٌ رضي الله عنه نَزَلتْ فِي كَانَ بِي أَذْيَ مِنْ رَأْسِي فَحُمِلْتُ إِلَى رَسُولِ
اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْقَمْلُ يَتَنَاثِرُ عَلَى وَجْهِي فَقَالَ "مَا كُنْتُ أُرَى أَنَّ الْجَهَدَ بَلَغَ
مِنْكَ مَا أُرَى أَتَجِدُ شَاءَ" . فَقُلْتُ لَا فَنَزَلتْ هَذِهِ الْآيَةُ (فَفِدْيَةُ مِنْ صِيَامٍ أَوْ صَدَقَةٍ أَوْ
نُسُكٍ) قَالَ صَوْمُ ثَلَاثَةِ أَيَّامٍ أَوْ إِطْعَامُ سِتَّةِ مَسَاكِينَ نِصْفَ صَاعٍ طَعَاماً لِكُلِّ مِسْكِينٍ -
قَالَ - فَنَزَلتْ فِي خَاصَّةٍ وَهِيَ لَكُمْ عَامَّةً .

বাংলা

২৭৫৪। মুহাম্মদ ইবনু মুসান্না ও ইবনু বাশশার (রহঃ) ... আবদুল্লাহ ইবনু মাকিল (রহঃ) থেকে বর্ণিত। তিনি
বলেন, আমি মসজিদে কাব' ইবনু উজরা (রাঃ) এর নিকট বসলাম। অতঃপর আমি তাকে এই আয়াত "ফিদয়া
হিসেবে সাওম (রোয়া/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করতে হবে অথবা সাদকা দিতে হবে অথবা কুরবানী করতে
হবে।"সম্পর্কে জিজ্ঞাসা করলাম। কাব (রাঃ) বললেন, এটা আমার সম্পর্কে নায়িল হয়েছে। আমার মাথায় কিছু
কষ্ট ছিল। আমাকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট নিয়ে যাওয়া হল এবং তখন আমার
মুখ্যমণ্ডলে উকুন গড়িয়ে পড়েছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি যা দেখছি এ পর্যায়ে যে
তোমার কষ্ট পৌঁছে গেছে তা আমি চিন্তা করিনি। তুমি কি একটি বকরী সংগ্রহ করতে সক্ষম হবে? আমি বললাম,
না। তখন এই আয়াত নায়িল হয়, "ফিদয়া হিসেবে সাওম পালন করতে হবে, সদকা করতে হবে অথবা কুরবানী
করতে হবে।" নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তিনি দিন সাওম পালন কর অথবা ছয়জন মিসকীনের
প্রত্যেককে অর্ধ সা' করে খাদ্য দান কর। কাব (রাঃ) বলেন, আয়াতটি বিশেষভাবে আমার প্রসঙ্গে নায়িল হয়েছে

কিন্তু এর নির্দেশ সাধারণভাবে তোমাদের সকলের ক্ষেত্রে প্রযোজ্য।

English

Abdullah b. Ma'qil said:

I sat with Ka'b (Allah be pleased with him) and he was in the mosque. I asked him about this verse:" Compensation in (the form of) fasting, or Sadaqa or sacrifice." Ka'b (Allah be pleased with him) said: It was revealed in my case. There was some trouble in my head. I was taken to the Messenger of Allah (ﷺ) and lice were creeping upon my face. Thereupon he said: I did not think that your trouble had become so unbearable as I see. Would you be able to afford (the sacrificing) of a goat? I (Ka'b) said: Then this verse was revealed:" Compensation (in the form of) fasting or alms or a sacrifice." He (the Holy Prophet) said: (It Implies) fasting for three days, or feeding six needy persons, half sa' of food for every needy person. This verse was revealed particularly for me and (now) its application is general for all of you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবদুল্লাহ ইবনু মাকিল (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=12365>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন